



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
অর্থ ও হিসাব শাখা
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd; ফ্যাক্স: ০২-৮১৯১০১৯



নং- ৩৭.২৪.০০.০০০.০৭.০১৭.(অংশ-১)-২০১৪-৮১

তারিখ : ১২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রি:

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর অনুষ্ঠানে ভিডিও কনফারেন্সিং সিস্টেমে যুক্ত থাকার জন্য 'ভিডিও কনফারেন্স সংক্রান্ত ইকুপমেন্ট সার্পোর্ট এবং ভিডিও কনফারেন্সের জন্য নতুন লাইনের সংযোগ' সেবা জরুরীভিত্তিতে সরবরাহ করার কার্যাদেশ।

সূত্র: (১) জরুরীভিত্তিতে সেবা সরবরাহের অনুরোধ পত্র (২৪ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখের অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ৩৭.২৪.০০.০০০.০৭.০১৭ (অংশ-০১).২০১৪- ৭৮ নং স্মারক);

(২) কাজলা কর্তৃক সেবা সরবরাহের প্রস্তাব (Quotation # SO169, Date: 24 february, 2021.)

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আগামি ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখ সকাল ১০.৩০ টায় ভিডিও কনফারেন্সিং সিস্টেমের মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আতওতাধীন উপবৃত্তি, টিউশন ফি, আর্থিক সহায়তা এবং চিকিৎসা অনুদান বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধনী অনুষ্ঠানে ৫টি প্রান্ত থেকে (যথাক্রমে গণভবন, শিক্ষা মন্ত্রণালয় প্রান্ত, সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভরপুর উপজেলা, পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলা এবং বান্দরবান সদর উপজেলা প্রান্ত) ভিডিও কনফারেন্সিং ব্যবস্থায় নিরবিচ্ছিন্ন ও নির্ভরযোগ্য যুক্ত থাকার লক্ষ্যে জরুরীভিত্তিতে ভিডিও কনফারেন্সিং সেবা সরবরাহের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সরঞ্জাম ও জনবলসহ সমন্বিত সেবার প্রস্তাব দাখিলকারী প্রতিষ্ঠান কাজলা টেকনোলজিস লিঃ, বাড়ি নং-৩৭/এ, সড়ক নং-১৪/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ কর্তৃক একক উৎসভিত্তিক নির্বাচন পদ্ধতিতে দাখিলকৃত দর প্রস্তাবে উক্ত দর সর্বমোট ৪,২৪,৮০০.০০ (চার লক্ষ চব্বিশ হাজার আটশত) টাকা দর প্রস্তাব মূল্যায়ন কমিটির মূল্যায়নে বর্তমান বাজার মূল্য অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ, যৌক্তিক ও গ্রহণযোগ্য মর্মে সুপারিশকৃত হওয়ায় সকল প্রকার প্রযোজ্য ভ্যাট, আয়কর ও ফি অন্তর্ভুক্ত করে সর্বমোট ৪,২৪,৮০০.০০ (চার লক্ষ চব্বিশ হাজার আটশত) টাকা দর অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ায় নিম্নবর্ণিত শর্তে কার্যাদেশ প্রদান করা হলোঃ

(ক) নির্ধারিত ৫টি প্রান্ত থেকে (যথাক্রমে গণভবন, শিক্ষা মন্ত্রণালয় প্রান্ত, সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভরপুর উপজেলা, পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলা এবং বান্দরবান সদর উপজেলা প্রান্ত) ভিডিও কনফারেন্সিং ব্যবহার সেবা সরবরাহ কাজের অনুমোদিত ব্যয় সাকুল্যে ৪,২৪,৮০০.০০ (চার লক্ষ চব্বিশ হাজার আটশত) টাকা যা থেকে প্রযোজ্য হারে ভ্যাট, আয়কর ও অন্যান্য ফি কর্তন করে চূড়ান্ত বিল পরিশোধ করা হবে;

(খ) ভিডিও কনফারেন্সিং সেবা সরবরাহের নির্ধারিত তারিখ আগামি ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখ সকাল ১০.৩০ টার অন্ততঃ ০২(দুই) দিন পূর্বে অনুষ্ঠানের জন্য নির্ধারিত ৫টি প্রান্তে (যথাক্রমে গণভবন, শিক্ষা মন্ত্রণালয় প্রান্ত, সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভরপুর উপজেলা, পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলা এবং বান্দরবান সদর উপজেলা প্রান্ত) ভিডিও কনফারেন্সিং সেবা সরবরাহের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সরঞ্জাম ও জনবলসহ সমন্বিত সেবা স্থাপন, পরীক্ষা ও মহড়া করার মাধ্যমে ব্যবস্থাপনা কার্যক্রমটি প্রস্তুত রাখতে হবে; এবং

(গ) ভিডিও কনফারেন্সিং সেবা সরবরাহের নির্ধারিত তারিখ আগামি ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে নির্ধারিত সময় অনুযায়ী অনুষ্ঠান কার্যাদেশভুক্ত ৫টি প্রান্তে সফলভাবে সম্পন্ন করার পর প্রতিষ্ঠানের প্যাডে যথাযথ স্বাক্ষর ও সিলসহ বিল দাখিল সাপেক্ষে বিল পরিশোধ করা হবে যা কোনক্রমেই কার্যাদেশে উল্লিখিত পরিমাণ অর্থের বেশী হবে না।

ব্যবস্থাপনা পরিচালক
কাজলা টেকনোলজি লিমিটেড
বাড়ি নং ৩৭/এ, সড়ক নং ১৪/এ
ধানমন্ডি আ/এ ঢাকা-১২০৯

(কাজী দেলোয়ার হোসেন)
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২৫৫০০০৪২৬

director@pmeat.gov.bd